

পরিশিষ্ট

শিক্ষাক্রম অনুযায়ী ষষ্ঠ-দ্বাদশ শ্রেণির শিক্ষার লক্ষ্য ও উদ্দেশ্য

লক্ষ্য

শিক্ষার্থীর সার্বিক বিকাশের মাধ্যমে মানবিক, সামাজিক ও নৈতিক গুণসম্পন্ন জ্ঞানী, দক্ষ, যুক্তিবাদী ও সৃজনশীল দেশপ্রেমিক জনসম্পদ সৃষ্টি।

উদ্দেশ্য

১. শিক্ষার্থীর সুপ্ত প্রতিভা ও সম্ভাবনা বিকাশের মাধ্যমে সৃজনশীলতা, কল্পনা ও অনুসন্ধিৎসা বৃদ্ধিতে সহায়তা করা।
২. শিক্ষার্থীর মধ্যে মানবিক গুণাবলি, যেমন- নৈতিক মূল্যবোধ, সততা, অধ্যবসায়, সহিষ্ণুতা, শৃঙ্খলা, আত্মবিশ্বাস, সদাচার, অন্যের প্রতি শ্রদ্ধাবোধ, নান্দনিকতাবোধ, সৌহার্দ্যপূর্ণ সম্পর্ক ও ন্যায়বিচারবোধ সুদৃঢ়ভাবে গ্রথিত করা।
৩. মহান ভাষা আন্দোলন, মুক্তিযুদ্ধের চেতনা ও অসাম্প্রদায়িক মূল্যবোধের আলোকে শিক্ষার্থীর মধ্যে দেশপ্রেম, জাতীয়তাবোধ ও গণতান্ত্রিক মূল্যবোধ জাগ্রত করা এবং সম্ভাবনাময় নাগরিক হিসাবে বেড়ে উঠতে সহায়তা করা।
৪. শিক্ষার্থীর মধ্যে বাংলাদেশ সম্পর্কে সুসংহত জ্ঞানের ভিত রচনা তথা এর ইতিহাস, ঐতিহ্য, সংস্কৃতি, আর্থ-সামাজিক ও গণতান্ত্রিক রাজনৈতিক চর্চার প্রতি আগ্রহ ও যোগ্যতা সৃষ্টির মাধ্যমে বৈশ্বিক প্রেক্ষাপটে দেশের প্রগতি ও উন্নয়নে অবদান রাখতে সক্ষম করে গড়ে তোলা।
৫. শ্রমের মর্যাদা, কাজের অভ্যাস ও কাজ করতে আগ্রহী হওয়ার প্রতি ইতিবাচক মনোভাব বিকশিত করা যাতে শিক্ষার্থী ব্যক্তিগত এবং দলগত উভয় ধরনের কাজ সম্পাদনে নৈতিকতা ও দায়িত্বশীলতার পরিচয় দিতে পারে।
৬. সকল ক্ষেত্রে কার্যকর যোগাযোগ রক্ষায় শিক্ষার্থীর প্রমিত বাংলা ভাষার দক্ষতা সুদৃঢ় ও সুসংহত করা এবং নিয়মিত পাঠ্যভ্যাস গড়ে তোলা।
৭. বাংলা সাহিত্যের অন্তর্নিহিত নান্দনিক সৌন্দর্য, শৃঙ্খলা এবং সখ্য উপভোগ ও উদঘাটনে শিক্ষার্থীর যোগ্যতা বিকশিত করা।
৮. আধুনিক কর্মক্ষেত্র, উচ্চশিক্ষাসহ সকল ক্ষেত্রে কার্যকর যোগাযোগের প্রয়োজনে ইংরেজি ভাষার মৌলিক দক্ষতাসমূহ অর্জনের মাধ্যমে শিক্ষার্থীকে যোগ্য করে গড়ে তোলা।
৯. শিক্ষার্থীকে গাণিতিক যুক্তি, পদ্ধতি ও দক্ষতার সাথে পরিচিত করানো এবং জীবন ঘনিষ্ঠ ও বিশ্বের পারিপার্শ্বিক সমস্যা সমাধানের জন্য গণিতের প্রায়োগিক দক্ষতা বিকশিত করা।
১০. শিক্ষার্থীকে প্রযুক্তির প্রতি আগ্রহী করে তোলা এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি ব্যবহারে আত্মবিশ্বাসী, উৎপাদনশীল এবং সৃজনশীল হিসাবে তৈরি করা।
১১. শিক্ষার্থী যাতে জীবনমান উন্নয়নের জন্য জীবন ঘনিষ্ঠ বিভিন্ন সমস্যা অনুসন্ধান ও সমাধানে বৈজ্ঞানিক প্রক্রিয়া ও পদ্ধতি প্রয়োগ করতে পারে সে লক্ষ্যে বৈজ্ঞানিক দৃষ্টিভঙ্গি ও যোগ্যতা অর্জনে সহায়তা করা।
১২. দেশে এবং বহির্বিশ্বের প্রাকৃতিক ও সামাজিক পরিবেশ এবং জলবায়ুর পরিবর্তনের উপর গুরুত্বারোপ করে পরিবেশগত উপাদান সম্পর্কে শিক্ষার্থীদের পরিচিত করা। একই সাথে সংশ্লিষ্ট সকলের কল্যাণের জন্য ঐ সকল উপাদানকে নিয়ন্ত্রণ ও ব্যবহার করার যোগ্যতা অর্জনে সহায়তা করা।
১৩. খাদ্য ও পুষ্টি, শারীরিক সক্ষমতা, রোগ-ব্যাদি, প্রজনন স্বাস্থ্য এবং ব্যক্তিগত নিরাপত্তা ইত্যাদির উপর গুরুত্বারোপ করে শিক্ষার্থীকে স্বাস্থ্যসম্মত জীবনযাপনের প্রয়োজনীয় জ্ঞান, জীবন দক্ষতা ও দৃষ্টিভঙ্গি অর্জনে সহায়তা করা।

১৪. শিক্ষার্থীর মনে নিজ নিজ ধর্মীয় বিশ্বাস ও মূল্যবোধ জাগ্রত করার পাশাপাশি অন্য ধর্ম ও ধর্মাবলম্বীদের প্রতি শ্রদ্ধাশীল হতে সহায়তা করা।
১৫. শিক্ষার্থীর মধ্যে বাঙালি এবং ক্ষুদ্র জাতি-গোষ্ঠীর নারী-পুরুষ, বর্ণ, গোত্র, ভাষা, সংস্কৃতি, বিভিন্ন শ্রেণি ও পেশার মানুষের প্রতি ভ্রাতৃত্ব ও শ্রদ্ধাবোধ সৃষ্টি করা।
১৬. শিক্ষার্থীর দৈহিক ও মানসিক বিকাশের লক্ষ্যে সহশিক্ষাক্রমিক কার্যাবলি- খেলাধুলা, শরীরচর্চা, সাংস্কৃতিক কর্মকাণ্ড, চারু ও কারুকলা অনুশীলনের নিয়মিত অভ্যাস গড়ে তোলা।
১৭. জীবনব্যাপী শিক্ষায় আগ্রহী ও যোগ্য করার জন্য শিক্ষার্থীর ব্যক্তিগত ও সামাজিক জীবন, আধুনিক কর্মক্ষেত্র এবং স্ব-কর্মসংস্থানের জন্য প্রয়োজনীয় জ্ঞান, দক্ষতা ও দৃষ্টিভঙ্গি সুদৃঢ় করা।
১৮. সহযোগিতামূলক কাজ করার মাধ্যমে শিক্ষার্থীর নেতৃত্ব, সহযোগিতা ও যোগাযোগ দক্ষতা বিকাশে সক্ষম করা।

বিষয়: ফিন্যান্স ও ব্যাংকিং

বিষয়ভিত্তিক উদ্দেশ্য

১. অর্থায়ন সম্পর্কে প্রাথমিক ধারণা লাভ করা এবং আর্থিক ব্যবস্থাপনা ও ব্যবসায় অর্থায়ন সম্পর্কে অবগত হওয়া।
২. অর্থায়নের বিভিন্ন উৎস এবং মেয়াদের ভিত্তিতে অর্থায়নের শ্রেণিবিভাগ সম্পর্কে জ্ঞান লাভ করা।
৩. অর্থের সময়মূল্য নির্ধারণের বিভিন্ন পদ্ধতি সম্পর্কে ধারণা অর্জন করা।
৪. অর্থায়নের ঝুঁকি সম্পর্কে জানা।
৫. মূলধন বাজেটিং সম্পর্কে ধারণা লাভ করা।
৬. মূলধন খরচ সম্পর্কে ধারণা অর্জন করা।
৭. মুদ্রা ও ব্যাংকিং এর ইতিহাস সম্পর্কে অবগত হওয়া।
৮. ব্যাংকিং সম্পর্কে জানা এবং ব্যাংক এর গঠন ও কার্যাবলি সম্পর্কে ধারণা লাভ করা।
৯. ব্যাংকের বিভিন্ন সেবা ও ব্যাংক-গ্রাহক সম্পর্ক সম্বন্ধে জ্ঞান লাভ করা।
১০. বাণিজ্যিক ব্যাংক সম্পর্কে জ্ঞান অর্জন করা।
১১. কেন্দ্রীয় ব্যাংকের ধারণা এবং অর্থনৈতিক উন্নয়নে এ ব্যাংকের ভূমিকা সম্পর্কে অবগত হওয়া।
১২. বিভিন্ন প্রকার আধুনিক ও ইলেকট্রনিক ব্যাংকিং সেবার সাথে পরিচিত হওয়া এবং এর ভবিষ্যত প্রকৃতি অনুধাবন করা।
১৩. ব্যক্তিগত জীবনে ব্যাংকিং ব্যবস্থায় অভ্যস্ত হওয়া এবং সঞ্চয়ে উদ্বুদ্ধ হওয়া।
১৪. ব্যক্তিগত, পারিবারিক জীবনে ফিন্যান্স ও ব্যাংকিং এর ক্ষেত্রে নৈতিকতা বজায় রাখা।

মাধ্যমিক স্তরের কারিকুলাম অনুযায়ী বিষয়বস্তু ও শিখনফল
(২০২৫ সালের পাঠ্যপুস্তক অনুযায়ী পরিমার্জিত)
বিষয়: ফিন্যান্স ও ব্যাংকিং **বিষয় কোড: ১৫২**

প্রথম অধ্যায় : অর্থায়ন ও ব্যবসায় অর্থায়ন

শিখনফল	বিষয়বস্তু
বুদ্ধিবৃত্তীয় : ১. অর্থায়নের ধারণা ব্যাখ্যা করতে পারবে। ২. অর্থায়নের ক্রমবিকাশ বর্ণনা করতে পারবে। ৩. বিভিন্ন প্রকার অর্থায়নের বর্ণনা করতে সক্ষম হবে। ৪. অর্থায়নের নীতি ব্যাখ্যা করতে পারবে। ৫. আর্থিক ব্যবস্থাপকের দায়িত্ব ও কার্যাবলি বিশ্লেষণ করতে পারবে। আবেগীয় ৬. বাস্তব জীবনে অর্থায়নের বিভিন্ন গুরুত্ব উপলব্ধি করতে পারবে	<ul style="list-style-type: none"> • অর্থায়ন • অর্থায়নের সূচনা ও ক্রমবিকাশ • অর্থায়নের শ্রেণিবিভাগ • অর্থায়নের এর নীতি • আর্থিক ব্যবস্থাপক-তার দায়িত্ব ও কার্যাবলি।

দ্বিতীয় অধ্যায় : অর্থায়নের উৎস

শিখনফল	বিষয়বস্তু
বুদ্ধিবৃত্তীয় : ১. অর্থায়নের উৎস চিহ্নিত করতে পারবে। ২. অর্থায়নের বিভিন্ন উৎসের তুলনামূলক ব্যাখ্যা করতে পারবে ৩. মেয়াদের ভিত্তিতে অর্থায়নের শ্রেণিবিভাগ করতে সক্ষম হবে ৪. বিভিন্ন মেয়াদি অর্থায়নের ব্যবহার ব্যাখ্যা করতে পারবে আবেগীয় ৫. অর্থায়নের উৎসগুলোর তাৎপর্য অনুধাবন করতে সক্ষম হবে	<ul style="list-style-type: none"> • অর্থায়নের উৎসসমূহ • মেয়াদের ভিত্তিতে অর্থায়নের শ্রেণিবিভাগ • স্বল্প মেয়াদি অর্থায়ন • মধ্য মেয়াদি অর্থায়ন • দীর্ঘ মেয়াদি অর্থায়ন

তৃতীয় অধ্যায়: শেয়ার, বন্ড ও ডিবেঞ্চার

শিখনফল	বিষয়বস্তু
বুদ্ধিবৃত্তীয় : ১. শেয়ার, বন্ড ও ডিবেঞ্চারের ধারণা বর্ণনা করতে পারবে ২. বিভিন্ন প্রকার শেয়ারের শ্রেণিবিভাগ করতে পারবে ৩. বিভিন্ন প্রকার শেয়ারের তুলনামূলক পার্থক্য নির্ণয় করতে পারবে ৪. বন্ড ও ডিবেঞ্চারের পার্থক্য বর্ণনা করতে পারবে ৫. লভ্যাংশ নীতি ব্যাখ্যা করতে পারবে।	<ul style="list-style-type: none"> • শেয়ার • শেয়ারের শ্রেণিবিভাগ ও তুলনা • বন্ড • শেয়ার ও বন্ডের সুবিধা ও অসুবিধা • ডিবেঞ্চার • বন্ড ও ডিবেঞ্চার মূল্যায়ন • লভ্যাংশ ও লভ্যাংশ নীতি

চতুর্থ অধ্যায় : অর্থের সময়মূল্য

শিখনফল	বিষয়বস্তু
বুদ্ধিবৃত্তীয় :	<ul style="list-style-type: none"> • অর্থের সময় মূল্য

শিখনফল	বিষয়বস্তু
১. অর্থের সময়মূল্যের ধারণা ব্যাখ্যা করতে পারবে। ২. অর্থের সময়মূল্য নির্ধারণের গুরুত্ব বর্ণনা করতে পারবে। ৩. অর্থের সময়মূল্য নির্ধারণের বিভিন্ন পদ্ধতির সম্পর্ক ব্যাখ্যা করতে পারবে। ৪. সূত্র ব্যবহার করে অর্থের সময়মূল্য নির্ণয় করতে সক্ষম হবে।	<ul style="list-style-type: none"> ● অর্থের সময় মূল্যের গুরুত্ব ● অর্থের সময় মূল্য নির্ধারণের পদ্ধতিসমূহ ● অর্থের সময় মূল্য নির্ধারণ পদ্ধতির প্রয়োগ

পঞ্চম অধ্যায় : ঝুঁকি ও অনিশ্চয়তা

শিখনফল	বিষয়বস্তু
বুদ্ধিবৃত্তীয় : ১. ঝুঁকি ও অনিশ্চয়তার ধারণা ব্যাখ্যা করতে পারবে। ২. বিভিন্ন ধরনের ঝুঁকি ও অনিশ্চয়তার উৎস চিহ্নিত করতে পারবে। ৩. আর্থিক সিদ্ধান্ত গ্রহণে ঝুঁকি ও অনিশ্চয়তার প্রভাব বিশ্লেষণ করতে পারবে। ৪. ঝুঁকিমুক্ত আয় ও ঝুঁকিবহুল আয়ের পার্থক্য নির্ণয় করতে সক্ষম হবে। বুদ্ধিবৃত্তীয় : ৫. আদর্শ বিচ্যুতি ও ভেদাঙ্ক ব্যবহার করে আর্থিক সিদ্ধান্ত গ্রহণের প্রক্রিয়া ব্যাখ্যা করতে পারবে।	<ul style="list-style-type: none"> ● ঝুঁকি ও অনিশ্চয়তা ● ঝুঁকি ও অনিশ্চয়তার উৎস ● ঝুঁকি ও অনিশ্চয়তার পরিমাপ ● ঝুঁকিমুক্ত আয় ও ঝুঁকিবহুল আয় ● আদর্শ বিচ্যুতি ও ভেদাঙ্কের ব্যবহার করে আর্থিক সিদ্ধান্ত গ্রহণ

ষষ্ঠ অধ্যায়: মূলধন বাজেটিং

শিখনফল	বিষয়বস্তু
বুদ্ধিবৃত্তীয় : ১. মূলধন বাজেটিং এর ধারণা ব্যাখ্যা করতে পারবে। ২. মূলধন বাজেটিং এর উদ্দেশ্য ও গুরুত্ব বিশ্লেষণ করতে পারবে। ৩. মূলধন বাজেটিং এর বিভিন্ন কৌশল প্রয়োগ করতে পারবে। ৪. মূলধন বাজেটিং এর বিভিন্ন কৌশলের সীমাবদ্ধতাসমূহ চিহ্নিত করতে পারবে।	<ul style="list-style-type: none"> ● মূলধন বাজেটিং এর ধারণা ● মূলধন বাজেটিং এর গুরুত্ব ● মূলধন বাজেটিং এর প্রয়োগ ও প্রকারভেদ: পে-ব্যাক, এনপিভি, আইআরআর ● মূলধন বাজেটিং এর সীমাবদ্ধতা

সপ্তম অধ্যায় : মূলধন খরচ

শিখনফল	বিষয়বস্তু
বুদ্ধিবৃত্তীয় : ১. মূলধন খরচের ধারণা ব্যাখ্যা করতে পারবে ২. মূলধন খরচ নির্ণয়ের তাৎপর্য ব্যাখ্যা করতে পারবে ৩. মূলধন খরচ নির্ণয় করতে পারবে। ৪. মূলধন খরচের ভিত্তিতে বিভিন্ন উৎসের মূল্যায়ন করতে পারবে আবেগীয় ৫. বিভিন্ন উৎসের ভিত্তিতে মূলধন খরচ জানতে আগ্রহী হবে	<ul style="list-style-type: none"> ● মূলধন খরচ ● মূলধন খরচের তাৎপর্য ● মূলধন খরচ নির্ণয় ● মূলধনের বিভিন্ন উৎসের ভিত্তিতে মূলধন খরচ

অষ্টম অধ্যায় : মুদ্রা, ব্যাংক ও ব্যাংকিং

শিখনফল	বিষয়বস্তু
বুদ্ধিবৃত্তীয় : ১. মুদ্রা সম্পর্কে ব্যাখ্যা করতে পারবে। ২. ব্যাংক, ব্যাংকিং ও ব্যাংকার সংক্রান্ত ধারণা বর্ণনা করতে পারবে। ৩. ব্যাংক ব্যবসায়ের ইতিহাস ও ক্রমবিকাশ বর্ণনা করতে পারবে। ৪. মুদ্রা ও ব্যাংকের সম্পর্ক বিশ্লেষণ করতে পারবে। আবেগীয় ৫. ব্যাংক ব্যবস্থা সম্পর্কে জানতে আগ্রহী হবে	<ul style="list-style-type: none"> • মুদ্রা • ব্যাংক, ব্যাংকিং ও ব্যাংকার • ব্যাংক ব্যবসায়ের ইতিহাস ও ক্রমবিকাশ • মুদ্রা ও ব্যাংকের সম্পর্ক

নবম অধ্যায় : ব্যাংকিং ব্যবসা এবং তার গঠন

শিখনফল	বিষয়বস্তু
বুদ্ধিবৃত্তীয় : ১. ব্যাংকের উদ্দেশ্যাবলি চিহ্নিত করতে পারবে। ২. ব্যাংকের প্রকারভেদ বর্ণনা করতে পারবে। বুদ্ধিবৃত্তীয় : ৩. ব্যাংকের গঠন বর্ণনা করতে পারবে। ৪. ব্যাংক ব্যবসায়ের মূলনীতি বিশ্লেষণ করতে পারবে। ৫. ব্যাংক ব্যবসায়ের বৈশিষ্ট্যসমূহ শনাক্ত করতে পারবে। ৬. ব্যাংকের শ্রেণিভিত্তিক ও কার্টামোভিত্তিক প্রকারভেদ বর্ণনা করতে পারবে। ৭. ইসলামি ব্যাংকিং এর ধারণা ব্যাখ্যা করতে পারবে।	<ul style="list-style-type: none"> • ব্যাংকের উদ্দেশ্যাবলি • ব্যাংকের প্রকারভেদ • ব্যাংকের গঠন • ব্যাংক ব্যবসায়ের মূলনীতি • ব্যাংক ব্যবসায়ের বৈশিষ্ট্য • এনি ব্রাঞ্চ ব্যাংকিং • অন্যান্য শ্রেণির ব্যাংকিং • প্রচলিত ব্যাংকিং ও ইসলামি ব্যাংকিং

দশম অধ্যায় : বাণিজ্যিক ব্যাংক ও তার পরিচিতি

শিখনফল	বিষয়বস্তু
বুদ্ধিবৃত্তীয় : ১. বাণিজ্যিক ব্যাংকের ধারণা ও পরিচিতি ব্যাখ্যা করতে পারবে। ২. বাণিজ্যিক ব্যাংকের বৈশিষ্ট্য বর্ণনা করতে পারবে। ৩. বাণিজ্যিক ব্যাংকের উদ্দেশ্য মূল্যায়ন করতে পারবে। ৪. বাণিজ্যিক ব্যাংক ব্যবস্থায় তহবিলের উৎস ও ব্যবহার বর্ণনা করতে পারবে। ৫. বাণিজ্যিক ব্যাংকের আয় ও ব্যয় বর্ণনা করতে সক্ষম হবে। ৬. বাণিজ্যিক ব্যাংকের কার্যাবলি বর্ণনা করতে পারবে। আবেগীয় ৭. ব্যক্তিগত জীবনে ব্যাংকিং এ আগ্রহী হবে	<ul style="list-style-type: none"> • বাণিজ্যিক ব্যাংক <ul style="list-style-type: none"> ○ ধারণা ও পরিচিতি ○ উদ্দেশ্য • বাণিজ্যিক ব্যাংক ব্যবস্থার তহবিলের উৎস ও ব্যবহার • বাণিজ্যিক ব্যাংকের আয় ও ব্যয় • বাণিজ্যিক ব্যাংকের কার্যাবলি

একাদশ অধ্যায় : ব্যাংকের আমানত

শিখনফল	বিষয়বস্তু
বুদ্ধিবৃত্তীয় : ১. ব্যাংকের বিভিন্ন প্রকার আমানতের উৎস বর্ণনা করতে পারবে ২. ব্যাংক হিসাবের অর্থ ও পরিচিতি ব্যাখ্যা করতে পারবে ৩. ব্যাংক হিসাবের উদ্দেশ্য ও গুরুত্ব বর্ণনা করতে পারবে ৪. ব্যাংক হিসাবের প্রকারভেদ বর্ণনা করতে পারবে। ৫. ব্যাংক হিসাব খোলা ও বন্ধ করার পদ্ধতি বর্ণনা করতে পারবে। ৬. ব্যাংক নির্বাচনে বিবেচ্য বিষয়সমূহ ব্যাখ্যা করতে পারবে। ৭. ইলেকট্রনিক ব্যাংকিং এর বিভিন্ন পণ্য ও সেবা চিহ্নিত করতে পারবে। বুদ্ধিবৃত্তীয় : ৮. বাংলাদেশের প্রেক্ষাপটে ইলেকট্রনিক ব্যাংকিং এর ধারণা ব্যাখ্যা করতে পারবে।	<ul style="list-style-type: none"> ● ব্যাংকের আমানত ● ব্যাংক হিসাবের অর্থ ও পরিচিতি ● ব্যাংক হিসাবের উদ্দেশ্য ও গুরুত্ব ● ব্যাংক হিসাবের প্রকারভেদ ● ব্যাংক হিসাব খোলার পদ্ধতি ● ব্যাংক হিসাব বন্ধ করার পদ্ধতি ● ব্যাংক নির্বাচনে বিবেচ্য ● ইলেকট্রনিক ব্যাংকিং এর বিভিন্ন পণ্য ও সেবাসমূহ ● ইলেকট্রনিক ব্যাংকিং এবং বাংলাদেশ

দ্বাদশ অধ্যায় : ব্যাংক ও গ্রাহক

শিখনফল	বিষয়বস্তু
বুদ্ধিবৃত্তীয় : ১. ব্যাংক ও গ্রাহকের সম্পর্ক মূল্যায়ন করতে পারবে। ২. গ্রাহকের প্রতি ব্যাংকারের দায়িত্ব বর্ণনা করতে পারবে। ৩. ব্যাংকের প্রতি গ্রাহকের দায়িত্ব বর্ণনা করতে পারবে। ৪. গ্রাহকের হিসাবের গোপনীয়তার গুরুত্ব ব্যাখ্যা করতে পারবে। ৫. ব্যাংকের প্রদত্ত সেবার ধরন চিহ্নিত করতে পারবে।	<ul style="list-style-type: none"> ● ব্যাংক ও গ্রাহক সম্পর্ক ● গ্রাহকের প্রতি ব্যাংকারের দায়িত্ব ● ব্যাংকের প্রতি গ্রাহকের দায়িত্ব ● গ্রাহকের হিসাবের গোপনীয়তা ● ব্যাংকের প্রদত্ত সেবার ধরন

ত্রয়োদশ অধ্যায়: কেন্দ্রীয় ব্যাংক

শিখনফল	বিষয়বস্তু
বুদ্ধিবৃত্তীয় : ১. কেন্দ্রীয় ব্যাংকের ধারণা বর্ণনা করতে পারবে। ২. কেন্দ্রীয় ব্যাংকের উদ্দেশ্য ও কার্যাবলি বিশ্লেষণ করতে পারবে। ৩. কেন্দ্রীয় ব্যাংকের গঠন বর্ণনা করতে পারবে। ৪. অর্থনৈতিক উন্নয়নে কেন্দ্রীয় ব্যাংকের দায়িত্ব মূল্যায়ন করতে পারবে। ৫. কেন্দ্রীয় ব্যাংক ও বাণিজ্যিক ব্যাংকের সম্পর্ক ব্যাখ্যা করতে পারবে।	<ul style="list-style-type: none"> ● কেন্দ্রীয় ব্যাংক <ul style="list-style-type: none"> ○ উদ্দেশ্য ও কার্যাবলি ● কেন্দ্রীয় ব্যাংকের গঠন <ul style="list-style-type: none"> ○ মালিকানা ও ব্যবস্থাপনা ● অর্থনৈতিক উন্নয়নে কেন্দ্রীয় ব্যাংকের দায়িত্ব ● কেন্দ্রীয় ব্যাংক ও বাণিজ্যিক ব্যাংকের সম্পর্ক

পরিশিষ্ট: 'গ'

শিখনফল ম্যাপ

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড-----/বাংলাদেশ মাদ্রাসা শিক্ষাবোর্ড

এসএসসি/দাখিল পরীক্ষা ২০.....

বিষয়: ফিন্যান্স ও ব্যাংকিং

বিষয় কোড: ১৫২

LO নং	অধ্যায় ১			অধ্যায় ২			অধ্যায় ৩			অধ্যায় ৪			অধ্যায় ৫			অধ্যায় ৬			অধ্যায় ৭			অধ্যায় ৮			অধ্যায় ৯			অধ্যায় ১০			অধ্যায় ১১			অধ্যায় ১২			অধ্যায় ১৩		
	MCQ	CQ	SQ	MCQ	CQ	SQ	MCQ	CQ	SQ	MCQ	CQ	SQ	MCQ	MCQ	MCQ	MCQ	CQ	SQ	MCQ	CQ	SQ	MCQ	CQ	SQ	MCQ	CQ	SQ	MCQ	CQ	SQ	MCQ	CQ	SQ	MCQ	CQ	SQ			
১																																							
২																																							
৩																																							
৪																																							
৫																																							
৬																																							
৭																																							
৮																																							
৯																																							
১০																																							
মোট																																							

বহুনির্বাচনি প্রশ্নের দক্ষতার স্তর নির্ণয়
বিষয়: ফিন্যান্স ও ব্যাংকিং

বিষয় কোড: ১৫২

<p>১. কোনটির ক্ষেত্রে জামানত আবশ্যিক?</p> <p>ক. বন্ড খ. ডিবেঞ্চগার গ. বিলম্বিত শেয়ার ঘ. অগ্রাধিকার শেয়ার</p> <p>২. কোন ধরনের অর্থায়নে আয় অপেক্ষা ব্যয় বেশি হতে পারে?</p> <p>ক. পারিবারিক খ. সরকারি গ. আন্তর্জাতিক ঘ. অব্যবসায়ী</p> <p>৩. কোন ধরনের চক্রবৃদ্ধিতে বিনিয়োগ করলে ভবিষ্যত মূল্য সর্বাধিক হবে?</p> <p>ক. বাৎসরিক খ. ষান্মাষিক গ. ত্রৈমাসিক ঘ. মাসিক</p> <p>চট্টগ্রামের বাসিন্দা জনাব রাশেদ এর 'ইস্ট ব্যাংক' এবং 'ওয়েস্ট ব্যাংক' এ ২টি হিসাব আছে। সম্প্রতি তিনি পরিবার নিয়ে ঢাকায় বেড়াতে গিয়ে নবাবী ভোজ রেস্তোরায়ে খেতে যান। পর্যাপ্ত জমা না থাকায় ৭ হাজার টাকা বিল ইস্ট ব্যাংকের একটি বিশেষ সেবার মাধ্যমে পরিশোধে ব্যর্থ হন। তৎক্ষণাৎ ঐ বিলের অর্থ তিনি ওয়েস্ট ব্যাংকের একটি সেবার মাধ্যমে পরিশোধ করেন এবং মাসশেষে সুদসহ টাকা ব্যাংককে ফেরত দেন।</p> <p>৪. জনাব রাশেদ ব্যাংকের কোন সেবার মাধ্যমে বিলের অর্থ পরিশোধ করতে সক্ষম হন?</p> <p>ক. ইন্টারনেট ব্যাংকিং খ. মোবাইল ব্যাংকিং গ. ডেবিট কার্ড ঘ. ক্রেডিট কার্ড</p> <p>৫. শুধু সুযোগ ব্যয় সম্পৃক্ত কোনটির ক্ষেত্রে?</p> <p>ক. ঋণ মূলধন খ. অগ্রাধিকার শেয়ার গ. সাধারণ শেয়ার ঘ. সংরক্ষিত আয়</p>	<p>৬. ব্যবসায়িক ঝুঁকি এড়াতে চাইলে কী করা উচিত?</p> <p>ক. স্থায়ী খরচের পরিমাণ বৃদ্ধি করা খ. আয়ের স্থিতিশীলতা নিশ্চিত করা গ. ঋণের মাধ্যমে অর্থ সংগ্রহ না করা ঘ. শুধু অভ্যন্তরীণ উৎস হতে অর্থ সংগ্রহ করা</p> <p>৭. কোন নীতি অনুসারে ঋণ গ্রহীতার সচ্ছলতা ব্যাংকের জন্য গুরুত্বপূর্ণ?</p> <p>ক. নিরাপত্তার নীতি খ. তারল্যনীতি গ. সচ্ছলতার নীতি ঘ. সাবধানতার নীতি</p> <p>৮. কোনটি বিবেচনায় বহিষ্কৃত হতে অভ্যন্তরীণ তহবিল উত্তম?</p> <p>ক. সুদ খ. কর গ. পর্যাণ্ডতা ঘ. মেয়াদ</p> <p>৯. কোনটি বাণিজ্যিক ব্যাংকের বিশেষ কাজ?</p> <p>ক. মূলধন গঠন খ. ঋণ আমানত সৃষ্টি গ. বিনিময় মাধ্যম সৃষ্টি ঘ. মূলধন বিনিয়োগ</p> <p>১০. পে-ব্যাংক পদ্ধতি-</p> <p>ক. করযোগ্য মুনাফা বিবেচনা করে খ. প্রকল্পের সকল নগদ প্রবাহ হিসাবভুক্ত করে গ. একাধিক প্রকল্পের ক্ষেত্রেই কেবল কার্যকর হয় ঘ. বিনিয়োগকৃত অর্থের বর্তমান মূল্য বিবেচনা করে</p> <p>উদ্দীপকটি পড় এবং ১১ ও ১২ নম্বর প্রশ্নের উত্তর দাও :</p> <p>জরুরী প্রয়োজনে জনাব হাসান দেনাদার প্রদত্ত একটি চেকের অর্থ সংশ্লিষ্ট ব্যাংক থেকে উত্তোলন করতে যান। চেকে জনাব হাসানের নাম লিখা থাকলেও ব্যাংক নগদ টাকা প্রদানে অস্বীকৃতি জানায়। বাধ্য হয়ে হাসান তার ব্যাংক হিসাবের মাধ্যমে চেকের টাকা সংগ্রহ করেন।</p>
--	--

<p>১১. উদ্দীপকের চেকটি -</p> <p>i বাহক চেক</p> <p>ii ছকুম চেক</p> <p>iii দাগকাটা চেক</p> <p>নিচের কোনটি সঠিক ?</p> <p>ক. i ও ii</p> <p>খ. i ও iii</p> <p>গ. ii ও iii</p> <p>ঘ. i, ii ও iii</p> <p>১২. উদ্দীপকের তথ্যমতে -</p> <p>i দুটি ব্যাংকই বাণিজ্যিক ব্যাংক</p> <p>ii হাসানের ব্যাংক মুদ্রা প্রচলনে সম্পৃক্ত</p> <p>iii দেনাদারের ব্যাংকের ভূমিকা প্রতিনিধিত্বকারী</p> <p>নিচের কোনটি সঠিক ?</p> <p>ক. i ও ii</p> <p>খ. i ও iii</p> <p>গ. ii ও iii</p> <p>ঘ. i, ii ও iii</p> <p>১৩. কারবারি অর্থায়নের নীতি অনুযায়ী-</p> <p>র যন্ত্রপাতি ক্রয়ের অর্থ ডিবেঞ্চর বিক্রয়ের মাধ্যমে সংগ্রহ করা উচিত</p> <p>রর অধিক মুনাফার জন্য নগদ আয়ের পুরোটাই বিনিয়োগ করা উচিত</p> <p>ররর ঋণ গ্রহণের ক্ষেত্রে একাধিক উৎসকে বিবেচনায় নেয়া উচিত</p> <p>নিচের কোনটি সঠিক ?</p> <p>ক. i ও ii</p> <p>খ. i ও iii</p> <p>গ. ii ও iii</p> <p>ঘ. i, ii ও iii</p> <p>১৪. দি হিন্দুস্থান ব্যাংক প্রতিষ্ঠিত হয় কত সালে?</p> <p>ক. ১৭০০</p> <p>খ. ১৯৩৫</p> <p>গ. ১৯৪৮</p> <p>ঘ. ১৯৭২</p>	<p>উদ্দীপকটি পড় এবং ১৫ ও ১৬ নম্বর প্রশ্নের উত্তর দাও :</p> <p>জনাব ফখরুল পারিবারিক জমি বিক্রয় করে বাচ্চাদের পোশাক বিক্রয়ের ব্যবসায় শুরু করেছিলেন। সম্প্রতি তিনি বাচ্চাদের পোশাকের পাশাপাশি নারী ও পুরুষদের পোশাক বিক্রয়ের জন্য দোকানের আয়তন বাড়াতে একটি সরকারি ব্যাংক থেকে ঋণ গ্রহণ করেছেন। হাতে নগদ ও ব্যাংকে জামানো মুনাফার সব টাকা দিয়ে তিনি নতুন আইটেমের পোশাক ক্রয় করেছেন, এজন্য তাকে প্রবাসী বন্ধুর কাছ থেকেও ধার নিতে হয়েছে।</p> <p>১৫. উদ্দীপকে কোন ধরনের অর্থায়নের উল্লেখ আছে?</p> <p>ক. পারিবারিক</p> <p>খ. সরকারি</p> <p>গ. ব্যবসায়</p> <p>ঘ. আন্তর্জাতিক</p> <p>১৬. জনাব ফখরুল অনুসরণ করেছেন-</p> <p>র উপযুক্ততার নীতি</p> <p>রর তারল্য বনাম মুনাফার নীতি</p> <p>ররর বৈচিত্রায়ন ও ঝুঁকি বন্টন নীতি</p> <p>নিচের কোনটি সঠিক ?</p> <p>ক. i ও ii</p> <p>খ. i ও iii</p> <p>গ. ii ও iii</p> <p>ঘ. i, ii ও iii</p> <p>১৭. কোন ক্ষেত্রে কেন্দ্রীয় ব্যাংক সরকারের ব্যাংক হিসাবে কাজ করে?</p> <p>ক. আন্তঃব্যাংকিং লেনদেন নিষ্পত্তি</p> <p>খ. বাধ্যতামূলক তহবিল সংরক্ষণ</p> <p>গ. বৈদেশিক মুদ্রার ক্রয় বিক্রয়</p> <p>ঘ. বৈদেশিক বাণিজ্য উন্নয়ন</p> <p>১৮. কোন মন্তব্যটি সঠিক?</p> <p>ক. বাহক চেক অধিক নিরাপদ</p> <p>খ. দাগকাটা চেক অধিক নিরাপদ</p> <p>গ. ছকুম চেকের অর্থ যে কেউ উত্তোলন করতে পারে</p> <p>ঘ. বাহক চেকের অর্থ প্রথমে একটি হিসাবে জমা হয়</p>
--	---

উদ্দীপকটি পড় এবং ১৯ ও ২০ নম্বর প্রশ্নের উত্তর দাও :

জনাব শাহানা তিনটি কোম্পানিতে বিনিয়োগ করেছেন। পদ্মা কোম্পানির তিন কাঠা জমির বিপরীতে বিনিয়োগকৃত অর্থ তিনি ৫ বছর পর ফেরত পাবেন। মেঘনা কোম্পানির বিনিয়োগ থেকে গত দু'বছর তাঁর কোন আয় হয়নি, তবে এই কোম্পানির ব্যবসায় পরিচালনা সংক্রান্ত বিষয়ে তিনি মতামত দিতে পারেন। সানসাইন কোম্পানি এ বছর প্রচুর লাভ করলেও জনাব শাহানা তার জন্য নির্ধারিত লাভের অংশের বেশি পাবেন না।

১৯. সানসাইন কোম্পানিতে জনাব শাহানার বিনিয়োগের ক্ষেত্র কোনটি?

- ক. বন্ড
- খ. ডিবেঞ্চর
- গ. সাধারণ শেয়ার
- ঘ. অগ্রাধিকার শেয়ার

২০. উদ্দীপকের তথ্য অনুযায়ী -

- ক. জনাব শাহানা তিনটি কোম্পানির মালিক
- খ. মেঘনাতে বিনিয়োগ, পদ্মা হতে অধিক ঝুঁকিপূর্ণ
- গ. পদ্মা ও মেঘনা কোম্পানির সম্পত্তিতে জনাব শাহানার দাবি একই প্রকৃতির
- ঘ. মেঘনা কোম্পানির অবসায়নে জনাব শাহানার দাবি সর্বাত্মক পূরণ করা হবে

২১. কোনটির জন্য তারল্য ঝুঁকি সৃষ্টি হয়?

- ক. কাঁচামাল ক্রয়
- খ. ঋণ মূলধন ব্যবহার
- গ. সুদের হার পরিবর্তন
- ঘ. ডিবেঞ্চর ক্রয়

২২. কোন ধরনের শেয়ারের মাধ্যমে কোম্পানি তার আয় পুনঃবিনিয়োগের সুযোগ পায়?

- ক. রাইট শেয়ার
- খ. বোনাস শেয়ার
- গ. বিলম্বিত শেয়ার
- ঘ. অগ্রাধিকার শেয়ার

উদ্দীপকটি পড় এবং ২৩ ও ২৪ নম্বর প্রশ্নের উত্তর দাও :

পণ্য ক্রয়ের জন্য জনাব রাতুলের ১০ লক্ষ টাকার প্রয়োজন। ৫ লক্ষ টাকার পণ্য তিনি লিখিত অঙ্গীকারের মাধ্যমে বাকিতে ক্রয় করতে সক্ষম হন। বাকি পণ্য ক্রয়ের জন্য তিনি একটি ব্যাংক থেকে ৫ বছরে পরিশোধের শর্তে বন্ধকী ঋণ গ্রহণ করেন।

২৩. জনাব রাতুল প্রথমে কোন ধরনের উৎস হতে অর্থায়ন করেন?

- ক. ঋণপত্র
- খ. প্রদেয় বিল
- গ. প্রাপ্য বিল
- ঘ. বাণিজ্যিক পত্র

২৪. কোনটি বিবেচনায় জনাব রাতুলের অর্থায়ন উৎস নির্বাচনকে ঋণটিপূর্ণ বলা যায়?

- ক. মেয়াদ
- খ. জামানত
- গ. খরচ
- ঘ. ঝুঁকি

২৫. কোন ক্ষেত্রে ব্যাংক ও গ্রাহকের সম্পর্কের পরিসমাপ্তিতে আদালতের সম্পৃক্ততা থাকে?

- ক. গ্রাহকের মৃত্যু হলে
- খ. গ্রাহক দেউলিয়া হলে
- গ. গ্রাহক প্রতারণা করলে
- ঘ. দীর্ঘকাল লেনদেন বন্ধ থাকলে

২৬. কোনটি মূলধনি খরচবিহীন অর্থায়নের উৎস?

- ক. লিজিং
- খ. ঋণপত্র
- গ. প্রদেয় বিল
- ঘ. বাণিজ্যিক পত্র

২৭. গ্রাহকের ক্ষেত্রে ব্যাংক আমানতের উদ্দেশ্য কোনটি?

- ক. ঋণের সুবিধা
- খ. মূলধন গঠন
- গ. কর্মসংস্থান সৃষ্টি
- ঘ. সঞ্চয় প্রবণতা সৃষ্টি

<p>২৮. মুনাফাভিত্তিক অভ্যন্তরীণ উৎস কোনটি?</p> <p>ক. বিধিবদ্ধ সঞ্চিতি</p> <p>খ. সাধারণ শেয়ার</p> <p>গ. বাণিজ্যিক পত্র</p> <p>ঘ. ডিবেঞ্চার</p>	
<p>২৯. কোন নীতি অনুসারে ব্যাংক ঋণগ্রহীতার আয়ের স্থিতিশীলতা গুরুত্বের সাথে বিবেচনা করে?</p> <p>ক. তারল্য নীতি</p> <p>খ. মিতব্যয়িতার নীতি</p> <p>গ. গোপনীয়তার নীতি</p> <p>ঘ. সাবধানতার নীতি</p>	
<p>৩০. কোন ব্যাংক অবলৈখক এবং ব্রিজ ফিন্যান্সিং হিসেবে কাজ করে?</p> <p>ক. শিল্প ব্যাংক</p> <p>খ. আমদানি রপ্তানি ব্যাংক</p> <p>গ. বিনিয়োগ ব্যাংক</p> <p>ঘ. বিনিময় ব্যাংক</p>	

বহুনির্বাচনি প্রশ্নের প্রকারভেদের উদাহরণ
বিষয়: ফিন্যান্স ও ব্যাংকিং **বিষয় কোড: ১৫২**

সাধারণ বহুনির্বাচনি প্রশ্ন	
১. কোনটির ক্ষেত্রে শেয়ার মালিকের দাবী সকলের পর মিটানো হয়?	<p>ক. রাইট শেয়ার</p> <p>খ. বোনাস শেয়ার</p> <p>গ. বিলম্বিত শেয়ার</p> <p>ঘ. অগ্রাধিকার শেয়ার</p>
বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্ন	
২. গড় মুনাফার হার পদ্ধতিতে-	<p>i. পূর্ব নির্ধারিত হারের সাথে নির্ণীত হারের তুলনা করতে হয়</p> <p>ii. অর্থের সময়মূল্য গুরুত্বের সাথে বিবেচনা করতে হয়</p> <p>iii. কমপক্ষে দুইটি প্রকল্প বিবেচনা করে সিদ্ধান্ত নিতে হয়</p> <p>নিচের কোনটি সঠিক ?</p> <p>ক. i ও ii</p> <p>খ. i ও iii</p> <p>গ. ii ও iii</p> <p>ঘ. i, ii ও iii</p>
অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্ন	
<p>উদ্দীপকটি পড় এবং ৩ ও ৪ নম্বর প্রশ্নের উত্তর দাও :</p> <p>জনাব শাহানা তিনটি কোম্পানিতে বিনিয়োগ করেছেন। পদ্মা কোম্পানির তিন কাঠা জমির বিপরীতে বিনিয়োগকৃত অর্থ তিনি ৫ বছর পর ফেরত পাবেন। মেঘনা কোম্পানির বিনিয়োগ থেকে গত দু'বছর তাঁর কোন আয় হয়নি, তবে এই কোম্পানির ব্যবসায় পরিচালনা সংক্রান্ত বিষয়ে তিনি মতামত দিতে পারেন। সানসাইন কোম্পানি এ বছর প্রচুর লাভ করলেও জনাব শাহানা তার জন্য নির্ধারিত লাভের অংশের বেশি পাবেন না।</p>	
৩. সানসাইন কোম্পানিতে জনাব শাহানার বিনিয়োগের ক্ষেত্র কোনটি?	<p>ক. বন্ড</p> <p>খ. ডিবেঞ্চার</p> <p>গ. সাধারণ শেয়ার</p> <p>ঘ. অগ্রাধিকার শেয়ার</p>
৪. উদ্দীপকের তথ্য অনুযায়ী -	<p>ক. জনাব শাহানা তিনটি কোম্পানির মালিক</p> <p>খ. মেঘনাতে বিনিয়োগ, পদ্মা হতে অধিক ঝুঁকিপূর্ণ</p> <p>গ. পদ্মা ও মেঘনা কোম্পানির সম্পত্তিতে জনাব শাহানার দাবি একই প্রকৃতির</p> <p>ঘ. মেঘনা কোম্পানির অবসায়নে জনাব শাহানার দাবি সর্বাত্মক পূরণ করা হবে</p>

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়

স্মারক নং-শিম/শাঃ১১/বিবিধ-৬(সেসিপ)/২০০৪(অংশ-১)/১১৪৮


তারিখ : ০৮ অগ্রহায়ণ ১৪১৬
২২ নভেম্বর ২০০৯

পরিপত্র

সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের মাধ্যমিক পর্যায়ের বার্ষিক পরীক্ষায় সৃজনশীল প্রশ্ন প্রণয়নকালে দেশের ধর্মীয় ও জাতীয় রাজনৈতিক নেতৃবৃন্দের নাম উদ্দীপকে (Stem) ব্যবহার করা হচ্ছে, এতে বিবর্তকর পরিস্থিতির সৃষ্টি হচ্ছে এবং জনমনে বিরূপ প্রতিক্রিয়া পরিলক্ষিত হচ্ছে। এ ধরনের অনাকাঙ্ক্ষিত পরিস্থিতি রোধকল্পে সৃজনশীল প্রশ্ন প্রণয়নকালে নিম্নবর্ণিত নির্দেশনা অনুসরণ করার জন্য সংশ্লিষ্টদেরকে অনুরোধ করা যাচ্ছে :

- (ক) পাঠ্যপুস্তকে রাজনৈতিক, ধর্মীয় ও সামাজিকভাবে গুরুত্বপূর্ণ ব্যক্তিবর্গের নাম না থাকলে প্রশ্নে উদ্দীপক হিসেবে রাজনৈতিক, ধর্মীয়, সামাজিকভাবে গুরুত্বপূর্ণ ব্যক্তিদের নাম ব্যবহার করা যাবে না।
- (খ) বাংলাদেশের সার্বভৌমত্ব, সরকার, কোন জনগোষ্ঠী, আদিবাসী এবং অঞ্চলকে নেতিকবাচকভাবে উপস্থাপন করে কোন উদ্দীপক ও প্রশ্ন তৈরী করা যাবে না।
- (গ) বাংলাদেশের ধর্ম, বর্ণ, গোত্র, গোষ্ঠী, ভাষা, সংস্কৃতি, ঐতিহ্য এবং জাতীয় অনুষ্ঠানকে অমর্যাদা করে কোন উদ্দীপক ও প্রশ্ন তৈরী করা যাবে না।
- (ঘ) রাষ্ট্র বা জাতিকে অমর্যাদা করে কোন উদ্দীপক ও প্রশ্ন তৈরী করা যাবে না।
- (ঙ) সংবিধান পরিপন্থী ও রাষ্ট্র বিরোধী কোন বিষয় ব্যবহার করে কোন উদ্দীপক ও প্রশ্ন প্রণয়ন করা যাবে না।
- (ছ) ধর্ম, তীর্থস্থান, ধর্মীয় স্থাপনা, রাষ্ট্রীয় স্থাপনা, ঐতিহাসিক স্থান ইত্যাদিকে অসম্মান করে কোন উদ্দীপক ও প্রশ্ন প্রণয়ন করা যাবে না।
- (জ) কোন অশোভনীয় বা আপত্তিকর ছবি উদ্দীপক হিসেবে ব্যবহার করা যাবে না।
- (ঝ) সরকার এবং সমাজ কর্তৃক অননুমোদিত বা অগ্রহণযোগ্য বিষয়সমূহ (যেমনঃ বাল্য বিবাহ, যৌতুক ইত্যাদি) ইতিবাচক অর্থে ব্যবহার করা যাবে না।

২। এই পরিপত্রের মর্মানুযায়ী বিদ্যালয়ের প্রধান শিক্ষকদের সৃজনশীল প্রশ্নপত্র প্রণয়নের নির্দেশনা দেয়া যাচ্ছে। এ পরিপত্রের পরিপন্থী কোন প্রশ্ন প্রণয়ন করা হলে প্রধান শিক্ষক ব্যক্তিগতভাবে দায়ী থাকবেন এবং প্রধান শিক্ষকসহ সংশ্লিষ্টদের বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।


(খন্দকার রাশিদের রহমান)
যুগ্ম-সচিব(মাধ্যমিক)
শিক্ষা মন্ত্রণালয়।

বিতরণ :

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ২। চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড (সকল), কারিগরি শিক্ষা বোর্ড/মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৩। চেয়ারম্যান, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, ঢাকা।
- ৪। প্রকল্প পরিচালক, সেকেন্ডারী এডুকেশন সেক্টর ডেভেলপমেন্ট প্রজেক্ট, ঢাকা।
- ৫। জেলা প্রশাসক (সকল)।
- ৬। উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল)।
- ৭। জেলা শিক্ষা অফিসার (সকল) [জেলার সকল বিদ্যালয়, মাদ্রাসার সকল প্রধান শিক্ষক/সুপারটেন্ডেন্ট/অধ্যক্ষকে অবহিত করার অনুরোধসহ]

ক্রটিযুক্ত বহুনির্বাচনি প্রশ্ন

বিষয়: ফিন্যান্স ও ব্যাংকিং

বিষয় কোড: ১৫২

<p>১. ইসলামি ব্যাংকগুলো কোন সেবার মাধ্যমে যন্ত্রপাতি ক্রয়ের জন্য ঋণ গ্রহীতাকে ঋণ প্রদান করে?</p> <p>ক. মুদারাবা খ. মুরাবাহা গ. ক্রেডিট কার্ড ঘ. বাই-মুয়াজ্জেল</p> <p>২. প্রাপ্য বিল কোন ধরনের অর্থায়নের উৎস?</p> <p>ক. মধ্যমেয়াদি খ. দীর্ঘমেয়াদি গ. স্বল্পমেয়াদি ঘ. প্রতিষ্ঠানিক</p> <p>৩. বাণিজ্যিক ব্যাংকের আয়ের উৎস কোনটি?</p> <p>ক. নিরীক্ষকের বিল খ. প্রাপ্য বিনিময় বিল বাটাকরণ গ. গুচ্ছ ও কর ঘ. বিমা প্রিমিয়াম</p> <p>৪. শেয়ার প্রতি অধিক লভ্যাংশ প্রদান করা হলে-</p> <p>i. সাধারণ শেয়ার মূলধন ব্যয় বৃদ্ধিপাবে ii. সাধারণ শেয়ার মূলধন ব্যয় হ্রাস পাবে iii. গড় মূলধন ব্যয় বৃদ্ধি পাবে</p> <p>নিচের কোনটি সঠিক?</p> <p>ক. i ও ii খ. i ও iii গ. ii ও iii ঘ. i, ii ও iii</p> <p>৫. কোনটি বহিঃস্থ তহবিলের অপ্রাতিষ্ঠানিক উৎস?</p> <p>ক. গ্রাম মহাজন খ. বাণিজ্যিক পত্র গ. মজুদ মাল বন্ধকীকরণ ঘ. উপরের সবগুলো সঠিক</p> <p>৬. বাণিজ্যিক ব্যাংকের মৌলিক উদ্দেশ্য হল-</p> <p>ক. মুনাফা অর্জন খ. আমানত গ. কর্মসংস্থান ঘ. মূলধন গঠন</p>	<p>৭. কোন সালে আধুনিক অর্থায়নের যাত্রা শুরু হয়?</p> <p>ক. ১৯৫০ খ. ১৯৯০ গ. ১৯৬০ ঘ. ১৯৭০</p> <p>৮. কোনটি বহিঃস্থ তহবিলের প্রাতিষ্ঠানিক উৎস?</p> <p>ক. মজুদ মাল বন্ধকীকরণ খ. বাণিজ্যিক পত্র গ. গ্রাম্য মহাজন ঘ. উপরের কোনটিই সঠিক নয়</p> <p>৯. কোন নীতি অনুসারে ব্যাংক গ্রাহকের হিসাবের গোপনীয়তা রক্ষা করে?</p> <p>ক. তারল্য নীতি খ. দক্ষতার নীতি গ. নিরাপত্তার নীতি ঘ. গোপনীয়তার নীতি</p> <p>১০. সরকারি অর্থায়নের লক্ষ্য কোনটি?</p> <p>ক. সমাজকল্যাণ নিশ্চিত করা খ. সামাজিক অবকাঠামো তৈরি গ. যোগাযোগ ব্যবস্থার উন্নয়ন ঘ. আইন শৃংখলা ও প্রতিরক্ষা</p> <p>১১. মার্কফ সাহেব ৫ বছর পর মেয়ের বিয়েতে যৌতুক হিসেবে ৫,০০,০০০ টাকা দিতে চান। ১০% হার সুদে তাকে বর্তমানে কত টাকা ব্যাংকে জমা রাখতে হবে?</p> <p>ক. ৪৭৫৭৩২.৮৪ খ. ৪৫৪৫৪৫.৪৫ গ. ৩১০৪৬০.০০ ঘ. ৩১০৪৬.০৭</p> <p>১২. একটি প্রকল্পে ২,০০,০০০ টাকা বিনিয়োগ করে আগামী ৪ বছর বার্ষিক ৪০০০ টাকা নীট মুনাফা পাওয়া যাবে। যদি কর হার ৩০% এবং বার্ষিক অবচয় ১,০০০ টাকা হয় তবে, প্রকল্পটির পে-ব্যাক সময় কত?</p> <p>ক. ৬.৬৬ বছর খ. ৫.০০ বছর গ. ৪.০০ বছর ঘ. ১.৬৬ বছর</p>
---	---

<p>১৩. গৃহীত ঋণের সুদ প্রদানে অসামর্থ্য হলে ব্যবসায় প্রতিষ্ঠানের জন্য কোন ধরনের ঝুঁকি সৃষ্টি হয়?</p> <p>ক. সুদের হারের ঝুঁকি</p> <p>খ. ব্যবসায়িক ঝুঁকি</p> <p>গ. আর্থিক ঝুঁকি</p> <p>ঘ. তারল্য ঝুঁকি</p> <p>১৪. কোন ব্যাংকটি কার্যভিত্তিক শ্রেণির অন্তর্ভুক্ত নয়?</p> <p>ক. বিনিময় ব্যাংক</p> <p>খ. সঞ্চয়ী ব্যাংক</p> <p>গ. বন্ধকী ব্যাংক</p> <p>ঘ. সমবায় ব্যাংক</p>	<p>১৫. অর্থায়নের অভ্যন্তরীণ উৎস হচ্ছে-</p> <p>ক. মুনাফা বন্টন না করা</p> <p>খ. বাণিজ্যিক পত্র</p> <p>গ. প্রদেয় বিলে স্বীকৃতি</p> <p>ঘ. ঋনপত্র</p> <p>১৬. কোনটিতে ঝুঁকি সবচেয়ে কম?</p> <p>ক. সাধারণ শেয়ারে বিনিয়োগ করা</p> <p>খ. অগ্রাধিকার শেয়ারে বিনিয়োগ করা</p> <p>গ. বন্ডে বিনিয়োগ করা</p> <p>ঘ. ডিবেঞ্চারে বিনিয়োগ করা</p>
---	---

ত্রুটিযুক্ত বহুনির্বাচনি প্রশ্নের শুদ্ধরূপ
বিষয়: রসায়ন বিষয় কোড: ১৩৭

ত্রুটিযুক্ত রূপ	ত্রুটিমুক্ত রূপ
উদ্দীপকে উদ্দীপনা সৃষ্টিতে প্রয়োজনীয় তথ্য সরবরাহ করতে হবে।	
১. সরকারি অর্থায়নের লক্ষ্য কোনটি? ক. সমাজকল্যাণ নিশ্চিত করা খ. সামাজিক অবকাঠামো তৈরি গ. যোগাযোগ ব্যবস্থার উন্নয়ন ঘ. আইন শৃংখলা ও প্রতিরক্ষা	১. সরকারি অর্থায়নের মূল লক্ষ্য কোনটি? ক. সমাজকল্যাণ নিশ্চিত করা খ. সামাজিক অবকাঠামো তৈরি গ. যোগাযোগ ব্যবস্থার উন্নয়ন ঘ. আইন শৃংখলা ও প্রতিরক্ষা
উদ্দীপক সহজ ভাষায় এবং সংক্ষিপ্ত আকারে উপস্থাপন করতে হবে।	
২. গৃহীত ঋণের সুদ প্রদানে অসামর্থ্য হলে ব্যবসায় প্রতিষ্ঠানের জন্য কোন ধরনের ঝুঁকি সৃষ্টি হয়? ক. সুদের হারের ঝুঁকি খ. ব্যবসায়িক ঝুঁকি গ. আর্থিক ঝুঁকি ঘ. তারল্য ঝুঁকি	২. সুদ প্রদানের অক্ষমতা থেকে কী সৃষ্টি হয়? ক. সুদের হারের ঝুঁকি খ. ব্যবসায়িক ঝুঁকি গ. আর্থিক ঝুঁকি ঘ. তারল্য ঝুঁকি
উদ্দীপক অপ্রাসঙ্গিক উপাদানমুক্ত হবে।	
৩. একটি প্রকল্পে ২,০০,০০০ টাকা বিনিয়োগ করে আগামী ৪ বছর বার্ষিক ৪০০০ টাকা নীট মুনাফা পাওয়া যাবে। যদি কর হার ৩০% এবং বার্ষিক অবচয় ১,০০০ টাকা হয় তবে, প্রকল্পটির পে-ব্যাক সময় কত? ক. ৬.৬৬ বছর খ. ৫.০০ বছর গ. ৪.০০ বছর ঘ. ১.৬৬ বছর	৩. একটি প্রকল্পে ২,০০,০০০ টাকা বিনিয়োগ করে আগামী ৪ বছর বার্ষিক ৪০০০ টাকা নীট মুনাফা পাওয়া যাবে। যদি বার্ষিক অবচয় ১,০০০ টাকা হয় তবে, প্রকল্পটির পে-ব্যাক সময় কত? ক. ৬.৬৬ বছর খ. ৫.০০ বছর গ. ৪.০০ বছর ঘ. ১.৬৬ বছর
উদ্দীপকে প্রয়োজনীয় শব্দ অন্তর্ভুক্ত করতে হবে যাতে বিকল্প উত্তরগুলো কোন শব্দের পুনরাবৃত্তি না থাকে।	
৪. কোনটিতে ঝুঁকি সবচেয়ে কম? ক. সাধারণ শেয়ারে বিনিয়োগ করা খ. অগ্রাধিকার শেয়ারে বিনিয়োগ করা গ. বন্ডে বিনিয়োগ করা ঘ. ডিবেঞ্চারে বিনিয়োগ করা	৪. সবচেয়ে কম ঝুঁকিপূর্ণ বিনিয়োগের ক্ষেত্র কোনটি? ক. সাধারণ শেয়ার খ. অগ্রাধিকার শেয়ার গ. ডিবেঞ্চার ঘ. বন্ড
উদ্দীপক যথাসম্ভব হ্যাঁ বোধক হতে হবে। না-বোধক শব্দ ব্যবহার অনিবার্য হলে তা পরীক্ষার্থীদের দৃষ্টিগ্রাহ্য করে তুলতে হবে।	
৫. কোন ব্যাংকটি কার্যভিত্তিক শ্রেণির অন্তর্ভুক্ত নয়? ক. বিনিময় ব্যাংক খ. সঞ্চয়ী ব্যাংক গ. বন্ধকী ব্যাংক ঘ. সমবায় ব্যাংক	৫. কোন ব্যাংকটি মালিকানাভিত্তিক শ্রেণির অন্তর্ভুক্ত? ক. বিনিময় ব্যাংক খ. সঞ্চয়ী ব্যাংক গ. বন্ধকী ব্যাংক ঘ. সমবায় ব্যাংক
উদ্দীপকে এমন কোন ইংগিত থাকবে না যাতে পরীক্ষার্থী সঠিক উত্তর বাছাই করে নিতে এবং ভুল উত্তর বাদ দিতে পারে।	
৬. কোন নীতি অনুসারে ব্যাংক গ্রাহকের হিসাবের গোপনীয়তা রক্ষা করে? ক. তারল্য নীতি খ. দক্ষতার নীতি গ. নিরাপত্তার নীতি ঘ. গোপনীয়তার নীতি	৬. কোন নীতি অনুসারে ব্যাংক গ্রাহকের হিসাবের তথ্য অন্য পক্ষকে প্রদান করা থেকে বিরত থাকে? ক. তারল্য নীতি খ. দক্ষতার নীতি গ. নিরাপত্তার নীতি ঘ. গোপনীয়তার নীতি

নেতিবাচক ধারণা সৃষ্টি হয় এমন উদ্দীপক পরিহার করতে হবে।	
৭. মারুফ সাহেব ৫ বছর পর মেয়ের বিয়েতে যৌতুক হিসেবে ৫,০০,০০০ টাকা দিতে চান। ১০% হার সুদে তাকে বর্তমানে কত টাকা ব্যাংকে জমা রাখতে হবে? ক. ৪৭৫৭৩২.৮৪ খ. ৪৫৪৫৪৫.৪৫ গ. ৩১০৪৬০.০০ ঘ. ৩১০৪৬.০৭	৭. মারুফ সাহেব ৫ বছর পর মেয়ের বিয়ের খরচ বাবদ ৫,০০,০০০ টাকা পেতে চান। ১০% হার সুদে তাকে বর্তমানে কত টাকা ব্যাংকে জমা রাখতে হবে। ক. ৪৭৫৭৩২.৮৪ খ. ৪৫৪৫৪৫.৪৫ গ. ৩১০৪৬০.০০ ঘ. ৩১০৪৬.০৭

বিকল্প উত্তরগুচ্ছ বিষয়বস্তু ও ব্যাকরণগত গঠনের দিক থেকে উদ্দীপকের সঙ্গে সঙ্গতিপূর্ণ হবে।	
৮. অর্থায়নের অভ্যন্তরীণ উৎস হচ্ছে- ক. মুনাফা বন্টন না করা খ. বাণিজ্যিক পত্র গ. প্রদেয় বিলে স্বীকৃতি ঘ. ঋণপত্র	৮. অর্থায়নের অভ্যন্তরীণ উৎস হচ্ছে- ক. অবন্তিত মুনাফা খ. বাণিজ্যিক পত্র গ. প্রদেয় বিল ঘ. ঋণপত্র

বিকল্প উত্তরগুচ্ছ উদ্দীপকের অসম্পূর্ণ বাক্যকে অর্থপূর্ণ করে তুলবে।	
৯. বাণিজ্যিক ব্যাংকের মৌলিক উদ্দেশ্য হল- ক. মুনাফা অর্জন খ. আমানত গ. কর্মসংস্থান ঘ. মূলধন গঠন	৯. বাণিজ্যিক ব্যাংকের মৌলিক উদ্দেশ্য হল- ক. মুনাফা অর্জন খ. আমানত গ্রহণ গ. কর্মসংস্থান সৃষ্টি ঘ. মূলধন গঠন

পরীক্ষার্থী কর্তৃক (কমপক্ষে ৫%) বিকল্প উত্তরসমূহ নির্বাচিত হওয়ার সম্ভাবনা থাকতে হবে।	
১০. ইসলামি ব্যাংকগুলো কোন সেবার মাধ্যমে যন্ত্রপাতি ক্রয়ের জন্য ঋণ গ্রহীতাকে ঋণ প্রদান করে? ক. মুদারাবা খ. মুরাবাহা গ. ক্রেডিট কার্ড ঘ. বাই-মুয়াজ্জেল	১০. ইসলামি ব্যাংকগুলো কোন সেবার মাধ্যমে যন্ত্রপাতি ক্রয়ের জন্য ঋণ গ্রহীতাকে ঋণ প্রদান করে? ক. মুদারাবা খ. মুরাবাহা গ. বাই-সালাম ঘ. বাই-মুয়াজ্জেল

বিকল্প উত্তরগুচ্ছ সংখ্যাবাচক হলে ক্রমানুযায়ী বিন্যাস করতে হবে।	
১১. কোন সালে আধুনিক অর্থায়নের যাত্রা শুরু হয়? ক. ১৯৫০ খ. ১৯৯০ গ. ১৯৬০ ঘ. ১৯৭০	১১. কোন সালে আধুনিক অর্থায়নের যাত্রা শুরু হয়? ক. ১৯৫০ খ. ১৯৬০ গ. ১৯৭০ ঘ. ১৯৯০

বিকল্প উত্তরগুচ্ছ দৈর্ঘ্য প্রায় সমান হতে হবে।	
১২. বাণিজ্যিক ব্যাংকের আয়ের উৎস কোনটি? ক. নিরীক্ষকের বিল খ. প্রাপ্য বিনিময় বিল বাট্টাকরণ গ. শুষ্ক ও কর ঘ. বিমা প্রিমিয়াম	১২. বাণিজ্যিক ব্যাংকের আয়ের উৎস কোনটি? ক. নিরীক্ষক বিল খ. বিল বাট্টাকরণ গ. শুষ্ক ও কর ঘ. বিমা প্রিমিয়াম

বিকল্প উত্তরসমূহের Mutually Inclusive পরিহার করতে হবে।	
১৩. প্রাপ্য বিল কোন ধরনের অর্থায়নের উৎস? ক. মধ্যমেয়াদি খ. দীর্ঘমেয়াদি গ. স্বল্পমেয়াদি ঘ. প্রতিষ্ঠানিক	১৩. প্রাপ্য বিল কোন ধরনের অর্থায়নের উৎস? ক. মধ্যমেয়াদি খ. দীর্ঘমেয়াদি গ. অভ্যন্তরীণ ঘ. প্রতিষ্ঠানিক

বিকল্প উত্তরসমূহের Mutually Exclusive পরিহার করতে হবে।	
<p>১৩. শেয়ার প্রতি অধিক লভ্যাংশ প্রদান করা হলে-</p> <p>i. সাধারণ শেয়ার মূলধন ব্যয় বৃদ্ধিপাবে</p> <p>ii. সাধারণ শেয়ার মূলধন ব্যয় হ্রাস পাবে</p> <p>iii. গড় মূলধন ব্যয় বৃদ্ধি পাবে</p> <p>নিচের কোনটি সঠিক?</p> <p>ক. i ও ii</p> <p>খ. i ও iii</p> <p>গ. ii ও iii</p> <p>ঘ. i, ii ও iii</p>	<p>১৩. শেয়ার প্রতি অধিক লভ্যাংশ প্রদান করা হলে-</p> <p>i. সাধারণ শেয়ার মূলধন ব্যয় বৃদ্ধিপাবে</p> <p>ii. সংরক্ষিত আয়ের ব্যয় বৃদ্ধি পাবে</p> <p>iii. গড় মূলধন ব্যয় বৃদ্ধি পাবে</p> <p>নিচের কোনটি সঠিক?</p> <p>ক. i ও ii</p> <p>খ. i ও iii</p> <p>গ. ii ও iii</p> <p>ঘ. i, ii ও iii</p>

বিকল্প উত্তরে 'উপরের কোনটিই সঠিক নয়'-এমন বাক্য পরিহার করতে হবে।	
<p>১৪. কোনটি বহিঃস্থ তহবিলের প্রাতিষ্ঠানিক উৎস?</p> <p>ক. মজুদ মাল বন্ধকীকরণ</p> <p>খ. বাণিজ্যিক পত্র</p> <p>গ. গ্রাম্য মহাজন</p> <p>ঘ. উপরের কোনটিই সঠিক নয়</p>	<p>১৪. কোনটি বহিঃস্থ তহবিলের প্রাতিষ্ঠানিক উৎস?</p> <p>ক. মজুদ মাল বন্ধকীকরণ</p> <p>খ. বাণিজ্যিক পত্র</p> <p>গ. গ্রাম্য মহাজন</p> <p>ঘ. প্রাপ্য বিল</p>

বিকল্প উত্তরে 'উপরের সবগুলো সঠিক'-এমন বাক্য পরিহার করতে হবে।	
<p>১৪. কোনটি বহিঃস্থ তহবিলের অপ্রাতিষ্ঠানিক উৎস?</p> <p>ক. গ্রাম মহাজন</p> <p>খ. বাণিজ্যিক পত্র</p> <p>গ. মজুদ মাল বন্ধকীকরণ</p> <p>ঘ. উপরের সবগুলো সঠিক</p>	<p>১৪. কোনটি বহিঃস্থ তহবিলের অপ্রাতিষ্ঠানিক উৎস?</p> <p>ক. প্রদেয় বিল</p> <p>খ. বাণিজ্যিক পত্র</p> <p>গ. আবণ্টিত মুনাফা</p> <p>ঘ. বিধিবদ্ধ সঞ্চিতি</p>

..... শিক্ষাবোর্ড
এসএসসি/দাখিল ২০... খ্রিস্টাব্দ
বিষয়: ফিন্যান্স ও ব্যাংকিং বিষয় কোড: ১৫২

চিন্তন দক্ষতার স্তর	অধ্যায়													মোট প্রশ্ন সংখ্যা	%
	১ম	২য়	৩য়	৪র্থ	৫ম	৬ষ্ঠ	৭ম	৮ম	৯ম	১০ম	১১শ	১২শ	১৩শ		
উচ্চতর দক্ষতা															
প্রয়োগ দক্ষতা															
অনুধাবন দক্ষতা															
জ্ঞান দক্ষতা															
মোট														৩০	

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড-----/বাংলাদেশ মাদ্রাসা শিক্ষাবোর্ড

পরীক্ষার নাম-----

২০--- খ্রিস্টাব্দ

বিষয়: ফিন্যান্স ও ব্যাংকিং বিষয় কোড: ১৫২

বহুনির্বাচনি প্রশ্নের সঠিক উত্তর উপস্থাপনের নমুনা ছক

এমসিকিউ আইটেম নম্বর	সঠিক উত্তর Answer Key
১	
২	
৩	
৪	
৫	
৬	
৭	
৮	
৯	
১০	
১১	
১২	
১৩	
১৪	
১৫	

এমসিকিউ আইটেম নম্বর	সঠিক উত্তর Answer Key
১৬	
১৭	
১৮	
১৯	
২০	
২১	
২২	
২৩	
২৪	
২৫	
২৬	
২৭	
২৮	
২৯	
৩০	

সৃজনশীল প্রশ্নের উদাহরণ

বিষয়: ফিন্যান্স ও ব্যাংকিং বিষয় কোড: ১৫২

১. জনাব আজম একটি ব্যাংক হতে ত্রৈমাসিক ৩% চক্রবৃদ্ধি সুদে ৪৮ লক্ষ টাকা সংগ্রহ করেছেন। তার ৩টি প্রকল্পে প্রাথমিক বিনিয়োগের সুযোগ আছে। ক, খ এবং গ প্রকল্পের প্রতিটির প্রাথমিক বিনিয়োগের পরিমাণ ২৪ লক্ষ টাকা। ক এবং খ প্রকল্প দুটির পে-ব্যাংক সময় যথাক্রমে ২ এবং ৫ বছর। গ প্রকল্পের সম্ভাব্য আয়ের পরিমাণ নিম্নরূপ:

১ম বছর	২য় বছর	৩য় বছর
নিট ক্ষতি ৫ লক্ষ টাকা	নিট লাভ ২ লক্ষ টাকা	নিট লাভ ৩ লক্ষ টাকা

গ প্রকল্পের বাৎসরিক অবচয় ৮ লক্ষ টাকা।

- ক. রুল-৭২ কী? ১
- খ. গড় মুনাফার হার পদ্ধতি পে-ব্যাংক পদ্ধতির হতে উত্তম কেন? ব্যাখ্যা কর। ২
- গ. জনাব আজম কর্তৃক গৃহীত ঋণের প্রকৃত সুদের হার নির্ণয় কর। ৩
- ঘ. মূলধন বাজেটিং এর ভিত্তিতে জনাব আজমের জন্য বিনিয়োগ সিদ্ধান্ত যৌক্তিকভাবে সুপারিশ কর। ৪
২. স্টার কোম্পানি বিগত ৩ বছর ১০% হারে মুনাফা অর্জন করেছে। সান কোম্পানির ক্ষেত্রে বিগত ৩ বছরে এ হার ছিল যথাক্রমে ৯%, ১০% এবং ১১%। সান কোম্পানির অর্থ সংগ্রহের উৎস নিম্নরূপ:

অর্থায়নের উৎস	শতকরা হার
সাধারণ শেয়ার	৬০
অগ্রাধিকার শেয়ার	৩০
বন্ড	১০
	১০০

- ক. আয় কখন ঝুঁকিমুক্ত হয়? ১
- খ. বন্যা কৃষকদের জন্য কি ঝুঁকি? ব্যাখ্যা কর। ২
- গ. ব্যবসায় প্রতিষ্ঠানের দৃষ্টিকোণ থেকে সান কোম্পানিতে কোন ধরনের ঝুঁকি বিদ্যমান? ব্যাখ্যা কর। ৩
- ঘ. একজন বিনিয়োগকারীর জন্য কোন কোম্পানিটি বিনিয়োগের উত্তম ক্ষেত্র? ঝুঁকি পরিমাপের মাধ্যমে মতামত দাও। ৪

৩. অজান্তা কোম্পানির বিগত ৪ বছরের তথ্য নিম্নরূপ:

বছর	শেয়ার প্রতি আয় (টাকা)	শেয়ার প্রতি লভ্যাংশ (টাকা)
১৯৯০	১০০	১০
১৯৯১	২০০	১০
১৯৯২	৮০	১০
১৯৯৩	১৮০	১০

সম্প্রতি অজান্তা কোম্পানি ১০০ কোটি টাকা অতিরিক্ত মূলধন সংগ্রহের জন্য বিবরণপত্র প্রচার করেছে।

- ক. বিলম্বিত শেয়ার কী? ১
- খ. বিনিয়োগের কোন হাতিয়ারটি সর্বাধিক ঝুঁকিপূর্ণ? ব্যাখ্যা কর। ২
- গ. অজান্তা কোম্পানি কোন ধরনের বাজার থেকে অতিরিক্ত মূলধন সংগ্রহের উদ্যোগ নিয়েছে? ব্যাখ্যা কর। ৩
- ঘ. আয়ের প্রকৃতি বিবেচনায় অজান্তা কোম্পানির লভ্যাংশ নীতি মূল্যায়ন কর। ৪

৪. মাসিক কিস্তিতে পরিশোধের শর্তে জনাব মাসুদ RKC ব্যাংক থেকে ঋণ নিয়ে একটি ব্যবসায় শুরু করেন। মুনাফার পরিমাণ কমে যাওয়ায় সম্প্রতি তিনি ঋণের একটি কিস্তি পরিশোধ করতে ব্যর্থ হন। ব্যবসায়ীক মন্দার বিষয়টি তিনি ব্যাংক কর্তৃপক্ষকে অবহিত করেন এবং আগামী দুই মাস কিস্তি পরিশোধ স্থগিত করার আবেদন জানান। ব্যাংক অপরাগতা প্রকাশ করলে তিনি অসুস্ত হন।
- ক. ব্যাংক কখন নিজস্ব সিদ্ধান্তে গ্রাহকের হিসাব বন্ধ করতে পারে? ১
- খ. দাগ কাটা চেক কেন অধিক নিরাপদ? ব্যাখ্যা কর। ২
- গ. উদ্দীপকে উল্লিখিত ব্যাংক- গ্রাহক সম্পর্কের ধরন ব্যাখ্যা কর। ৩
- ঘ. ব্যাংকের প্রতি গ্রাহকের দায়িত্বের প্রেক্ষিতে জনাব মাসুদের কার্যক্রম মূল্যায়ন কর। ৪
৫. জনাব সামাদ একজন চাকুরিজীবী। তার ইচ্ছা ৫ বছর পর গ্রামের বাড়িতে একখন্ড জমি কিনবেন। তিনি সিদ্ধান্ত নিয়েছেন এজন্য প্রতিমাসের বেতন হতে ১ হাজার টাকা ব্যাংকে জমিয়ে রাখবেন। প্রতি মাসের বেতনের টাকা তিনি বাসায় নিয়ে আসেন। সেখান থেকেই মাসের বাজার, গ্যাস, বিদ্যুৎ ও পানির বিল এবং অন্যান্য খরচ নির্বাহ করেন। মাঝে মাঝেই বিল পরিশোধের ক্ষেত্রে তাকে দীর্ঘক্ষণ লাইনে দাঁড়িয়ে থাকতে হয়, যা খুবই বিরক্তিকর ও সময় সাপেক্ষ। তাছাড়া নগদ টাকা সাথে রাখার ক্ষেত্রেও তিনি খুব সঙ্কায় থাকেন। রাজশাহী বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নরত তার মেয়ের কাছে টাকা পাঠানোর জন্য তাকে মাসে একবার পোস্ট অফিসে যেতে হয়।
- ক. ব্যাংক কিভাবে মূলধন গঠন করে? ১
- খ. বিদেশে কর্মরত বাংলাদেশীদের জন্য কোন ধরনের ব্যাংক হিসাব উত্তম? ব্যাখ্যা কর। ২
- গ. জমি ক্রয়ের জন্য কোন ধরনের ব্যাংক হিসাব জনাব সামাদের জন্য উপযুক্ত? ব্যাখ্যা কর। ৩
- ঘ. তুমি কি মনে কর ব্যাংকিং কার্যক্রম জনাব সামাদের সমস্যা লাঘব করতে পারে? যুক্তিসহ উত্তর দাও। ৪
৬. ‘সাঁউদার্ন ব্যাংক’ ব্যবসায়ীদের বিভিন্ন ক্ষেত্রে ঋণ প্রদান করে থাকে। সম্প্রতি তাদের মুনাফার পরিমাণ হ্রাস পাওয়ায় একটি সভার আয়োজন করে। সভায় মুনাফাহ্রাসের কারণ হিসেবে নিম্নোক্ত বিষয়সমূহ আলোচিত হয়-
- গ্রাহকদের উত্তোলনের চাহিদা মেটানোর জন্য গত সপ্তাহে গড়ে প্রতিদিন ৫০ কোটি টাকা ব্যাংকে নগদ রাখা হয়। বাস্তবে গ্রাহকরা গড়ে প্রতিদিন ৩০ কোটি টাকা উত্তোলন করে।
- আদালতের নির্দেশে সানসাইন ব্যাংকের একজন ঋণ গ্রহীতার ৫ কাঠা বন্ধকি জমি বিক্রয় করেও ঋণের সমুদয় টাকা ফেরত পাওয়া যায়নি।
- ক. মুরাবাহা কী? ১
- খ. ‘আমানত সৃষ্টিতে সাহায্য করা ব্যাংকের একটি মৌলিক কাজ’- ব্যাংকের উদ্দেশ্যাবলির আলোকে ব্যাখ্যা কর। ২
- গ. কার্যভিত্তিক শ্রেণিকরণ অনুযায়ী ‘সাঁউদার্ন ব্যাংক’ কোন ধরনের ব্যাংক? ব্যাখ্যা কর। ৩
- ঘ. ব্যাংকিং ব্যবসায়ের মূলনীতির আলোকে উদ্দীপকের ব্যাংকিং কার্যক্রম মূল্যায়ন কর। ৪

৭. জনাব তুমার মুন কোম্পানির পরিচালনা পর্ষদের নিকট বিদ্যমান মূলধন কাঠামো পরিবর্তনের নিম্নোক্ত প্রস্তাব করছেনঃ

মূলধনের ধরণ	বিদ্যমান শতকরা হার	প্রস্তাবিত শতকরা হার	খরচের হার
ঋণ	৫০%	৩০%	১০%
সাধারণ শেয়ার	৫০%	৭০%	--

- ক. গড় মূলধনি ব্যয় কী? ১
- খ. মূলধন ব্যয় নির্ণয়ে কর সমন্বয় করতে হয় কেন? ব্যাখ্যা কর। ২
- গ. মুন কোম্পানির সাধারণ শেয়ারের ব্যয় নির্ণয় কর। ৩
- ঘ. মুন কোম্পানির মূলধন কাঠামো পরিবর্তনের প্রস্তাব কতটুকু যৌক্তিক? যুক্তিসহ উত্তর দাও। ৪
৮. জনাব নাজিফা জাহান ডিপার্টমেন্টাল স্টোরের আর্থিক ব্যবস্থাপক। তিনি ব্যবসায়িক তহবিলের ১,০০,০০০ টাকা ৫ বছরের জন্য স্থায়ীভাবে ব্যাংকে জমা রাখতে চান। মমতা ব্যাংক ৫ বছর পর তাকে ১,৫০,০০০ টাকা প্রদানের প্রস্তাব করেছে। অন্যদিকে, মিতালি ব্যাংক বার্ষিক ১০% হারে মাসিক চক্রবৃদ্ধিতে সুদ প্রদানের প্রস্তাব করেছে। জনাব নাজিফা মমতা ব্যাংকে উক্ত টাকা জমা রাখেন।
- ক. চলতি বিনিয়োগ সিদ্ধান্ত কী? ১
- খ. ঋণগ্রহণ সিদ্ধান্তের ক্ষেত্রে অর্থের সময়মূল্য বিবেচনা করতে হয় কেন? ব্যাখ্যা কর। ২
- গ. আর্থিক ব্যবস্থাপক হিসেবে জনাব নাজিফার সিদ্ধান্ত কোন ধরনের? ব্যাখ্যা কর। ৩
- ঘ. আর্থিক ব্যবস্থাপক হিসেবে জনাব নাজিফার কার্যক্রম মূল্যায়ণ কর। ৪

সৃজনশীল প্রশ্নের নম্বর প্রদান নির্দেশিকা ও নমুনা উত্তর
বিষয়: ফিন্যান্স ও ব্যাংকিং বিষয় কোড: ১৫২

১. জনাব আজম একটি ব্যাংক হতে ত্রৈমাসিক ৩% চক্রবৃদ্ধি সুদে ৪৮ লক্ষ টাকা সংগ্রহ করেছেন। তার ৩টি প্রকল্পে প্রাথমিক বিনিয়োগের সুযোগ আছে। ক, খ এবং গ প্রকল্পের প্রতিটির প্রাথমিক বিনিয়োগের পরিমাণ ২৪ লক্ষ টাকা। ক এবং খ প্রকল্প দুটির পে-ব্যাংক সময় যথাক্রমে ২ এবং ৫ বছর। গ প্রকল্পের সম্ভাব্য আয়ের পরিমাণ নিম্নরূপ :

১ম বছর	২য় বছর	৩য় বছর
নিট ক্ষতি ৫ লক্ষ টাকা	নিট লাভ ২ লক্ষ টাকা	নিট লাভ ৩ লক্ষ টাকা

গ প্রকল্পের বাৎসরিক অবচয় ৮ লক্ষ টাকা।

- ক. রুল-৭২ কী? ১
খ. গড় মুনাফার হার পদ্ধতি পে-ব্যাংক পদ্ধতির হতে উত্তম কেন? ব্যাখ্যা কর। ২
গ. জনাব আজম কর্তৃক গৃহীত ঋণের প্রকৃত সুদের হার নির্ণয় কর। ৩
ঘ. পে-ব্যাংক সিদ্ধান্ত নীতির ভিত্তিতে জনাব আজমের জন্য বিনিয়োগ সিদ্ধান্ত যৌক্তিকভাবে সুপারিশ কর। ৪

১(ক) নং প্রশ্নের নম্বর প্রদান নির্দেশিকা

প্রশ্ন নং	দক্ষতা	বরাদ্ধকৃত নম্বর	বিভাজিত নম্বর	মূল্যায়নের মানদণ্ড (নম্বর প্রদানে বিবেচ্য বিষয়)
১(ক)	জ্ঞান	১	১	রুল-৭২ কী তা লিখলে
			০	উত্তর অপ্রাসঙ্গিক হলে।

নমুনা উত্তর :

যে পদ্ধতিতে বিনিয়োগকৃত অর্থ দ্বিগুণ হওয়ার মেয়াদ বা সুদের হার সহজে নির্ণয় করা যায় তাকে রুল-৭২ বলে।

১(খ) নং প্রশ্নের নম্বর প্রদান নির্দেশিকা

প্রশ্ন নং	দক্ষতা	বরাদ্ধকৃত নম্বর	বিভাজিত নম্বর	মূল্যায়নের মানদণ্ড (নম্বর প্রদানে বিবেচ্য বিষয়)
১(খ)	অনুধাবন	২	২	গড় মুনাফার হার পদ্ধতি ও পে-ব্যাংক পদ্ধতির পার্থক্য ব্যাখ্যা করতে পারলে
			১	গড় মুনাফার হার পদ্ধতি/ পে-ব্যাংক পদ্ধতির ধারণা লিখতে পারলে
			০	উত্তর অপ্রাসঙ্গিক হলে।

নমুনা উত্তর :

গড় মুনাফার হার পদ্ধতিতে মুনাফার হার ও পে-ব্যাংক পদ্ধতিতে বিনিয়োগকৃত অর্থের ফেরতকাল বিবেচনা করা হয়।
গড় মুনাফার হার পদ্ধতিতে বিনিয়োগ প্রকল্পের মুনাফার হার জানা যায়। কিন্তু পে-ব্যাংক পদ্ধতিতে মুনাফার হার জানা যায় না। আবার গড় মুনাফার হার পদ্ধতিতে প্রকল্পের পূর্ণ মেয়াদকালের সবগুলো নগদ আন্তঃপ্রবাহ বিবেচনা করা হয় কিন্তু পে-ব্যাংক পদ্ধতিতে পে-ব্যাংক কালের পরবর্তী বছরগুলোর আন্তঃনগদ প্রবাহ বিবেচনা করা হয় না। ফলে প্রকল্প নির্বাচনে পে-ব্যাংক পদ্ধতির তুলনায় গড় মুনাফার হার পদ্ধতির মাধ্যমে অধিকতর যৌক্তিক সিদ্ধান্ত নেওয়া সম্ভব হয়।

১ (গ) নং প্রশ্নের নম্বর প্রদান নির্দেশিকা

প্রশ্ন নং	দক্ষতা	বরাদ্দকৃত নম্বর	বিভাজিত নম্বর	মূল্যায়নের মানদণ্ড/ বিবেচ্য বিষয়
১(গ)	প্রয়োগ	৩	৩	উদ্দীপকের তথ্য অনুযায়ী সূত্র ব্যবহার করে প্রকৃত সুদের হার সঠিকভাবে নির্ণয় করতে পারলে
			২	প্রকৃত সুদের হার নির্ণয়ের সূত্রে সঠিকভাবে মান বসাতে/ প্রকৃত সুদের হার নির্ণয়ের সূত্রের সবগুলো রাশির মান সঠিকভাবে লিখতে পারলে
			১	প্রকৃত সুদের হার নির্ণয়ের সূত্রটি লিখতে পারলে
			০	উত্তর অপ্রাসঙ্গিক হলে।

নমুনা উত্তর :

$$\text{প্রকৃত সুদের হার (EAR)} = \left(1 + \frac{i}{m}\right)^m - 1$$

এখানে, ত্রৈমাসিক সুদের হার (r) = ৩%

বার্ষিক সুদের হার (i) = ৩% × ৪ = ১২%

বছরে চক্রবৃদ্ধির সংখ্যা (m) = ৪

$$\therefore \text{EAR} = \left(1 + \frac{0.12}{4}\right)^4 - 1$$

$$= (1 + 0.03)^4 - 1$$

$$= (1.03)^4 - 1$$

$$= 1.1255 - 1$$

$$= 0.1255$$

$$= 12.55\%$$

১ (ঘ) নং প্রশ্নের নম্বর প্রদান নির্দেশিকা

প্রশ্ন নং	দক্ষতা	বরাদ্দকৃত নম্বর	বিভাজিত নম্বর	মূল্যায়নের মানদণ্ড/ বিবেচ্য বিষয়
১(ঘ)	উচ্চতর দক্ষতা	৪	৪	উদ্দীপকের তথ্যের ভিত্তিতে প্রকল্প তিনটির পে-ব্যাচ সময় তুলনা করে সঠিক বিনিয়োগ সিদ্ধান্ত সুপারিশ করতে পারলে
			৩	গ প্রকল্পের পে-ব্যাচ সময় নির্ণয় করতে পারলে
			২	গ প্রকল্পের নগদ প্রবাহ ও ক্রমযোজিত নগদ প্রবাহ নির্ণয় করতে পারলে
			১	গ প্রকল্পের নগদ প্রবাহ নির্ণয় করতে পারলে
			০	উত্তর অপ্রাসঙ্গিক হলে।

নমুনা উত্তর:

নগদ প্রবাহ নির্ণয়:

	১ম বছর (লক্ষ টাকা)	২য় বছর (লক্ষ টাকা)	৩ বছর (লক্ষ টাকা)
নিট মুনাফা	-৫	২	৩
যোগ: অবচয়	৮	৮	৮
নগদ প্রবাহ	৩	১০	১১

ক্রমযোজিত নগদ প্রবাহ নির্ণয় :

বছর	নগদ প্রবাহ (লক্ষ টাকা)	ক্রমযোজিত নগদ প্রবাহ (লক্ষ টাকা)
০	-২৪	-২৪
১	৩	-২১
২	১০	-১১
৩	১১	০

উপরের ছক থেকে দেখা যায়, ৩ বছরে গ প্রকল্পের বিনিয়োগকৃত ২৪ লক্ষ টাকার সম্পূর্ণ ফেরত আসবে। তাই গ প্রকল্পের পে-ব্যাংক সময় ৩ বছর।

প্রকল্প তিনটির পে-ব্যাংক সময় যথাক্রমে ২ বছর, ৫ বছর ও ৩ বছর। জনাব আজমের সংগৃহীত মূলধন ৪৮ লক্ষ টাকা। প্রকল্প তিনটিতে বিনিয়োগ করতে হলে (২৪+২৪+২৪) বা ৭২ লক্ষ টাকা প্রয়োজন। কিন্তু জনাব আজমের মূলধন রয়েছে ৪৮ লক্ষ টাকা। তাই তিনি সবগুলো প্রকল্পে বিনিয়োগ করতে পারবেন না। তাকে যে কোনো দুটি প্রকল্পে বিনিয়োগ করতে হবে। যেহেতু খ প্রকল্পের পে-ব্যাংক সময় সবচেয়ে বেশি। তাই খ প্রকল্পটি বাদ দিয়ে ক ও গ প্রকল্পে বিনিয়োগ করতে হবে।

২. ‘সাইদার্ন ব্যাংক’ ব্যবসায়ীদের বিভিন্ন ক্ষেত্রে ঋণ প্রদান করে থাকে। সম্প্রতি তাদের মুনাফার পরিমাণ হ্রাস পাওয়ায় একটি সভার আয়োজন করে। সভায় মুনাফা হ্রাসের কারণ হিসেবে নিম্নোক্ত বিষয়সমূহ আলোচিত হয়-

- গ্রাহকদের উত্তোলনের চাহিদা মেটানোর জন্য গত সপ্তাহে গড়ে প্রতিদিন ৫০ কোটি টাকা ব্যাংকে নগদ রাখা হয়। বাস্তবে গ্রাহকরা গড়ে প্রতিদিন ৩০ কোটি টাকা উত্তোলন করে।
- আদালতের নির্দেশে সানসাইন ব্যাংকের একজন ঋণ গ্রহীতার ৫ কাঠা বন্ধকি জমি বিক্রয় করেও ঋণের সমুদয় টাকা ফেরত পাওয়া যায়নি।

- ক. মুরাবাহা কী? ১
- খ. ‘আমানত সৃষ্টিতে সাহায্য করা ব্যাংকের একটি মৌলিক কাজ’- ব্যাংকের উদ্দেশ্যাবলির আলোকে ব্যাখ্যা কর। ২
- গ. কার্যভিত্তিক শ্রেনিকরণ অনুযায়ী ‘সাইদার্ন ব্যাংক’ কোন ধরনের ব্যাংক? ব্যাখ্যা কর। ৩
- ঘ. ব্যাংকিং ব্যবসায়ের মূলনীতির আলোকে উদ্দীপকের ব্যাংকিং কার্যক্রম মূল্যায়ন কর। ৪

২(ক) নং প্রশ্নের নম্বর প্রদান নির্দেশিকা

প্রশ্ন নং	দক্ষতা	বরাদ্দকৃত নম্বর	বিভাজিত নম্বর	মূল্যায়নের মানদণ্ড (নম্বর প্রদানে বিবেচ্য বিষয়)
২(ক)	জ্ঞান	১	১	মুরাবাহা এর ধারণা লিখতে পারলে
			০	উত্তর অপ্রাসঙ্গিক হলে।

নমুনা উত্তর :

ঋণগ্রহীতাকে কোন কিছু (গাড়ি, যন্ত্রপাতি) ক্রয়ের জন্য যখন অর্থায়ন করা হয় তাকে মুরাবাহা সেবা বলা হয়।

২(খ) নং প্রশ্নের নম্বর প্রদান নির্দেশিকা

প্রশ্ন নং	দক্ষতা	বরাদ্দকৃত নম্বর	বিভাজিত নম্বর	মূল্যায়নের মানদণ্ড (নম্বর প্রদানে বিবেচ্য বিষয়)
২(খ)	অনুধাবন	২	২	আমানত সৃষ্টিকে গাহকের প্রেক্ষাপটে ব্যাংকের একটি উদ্দেশ্য হিসেবে ব্যাখ্যা করতে পারলে
			১	আমানত সৃষ্টিকে গাহকের প্রেক্ষাপটে ব্যাংকের একটি উদ্দেশ্য হিসেবে চিহ্নিত করতে পারলে
			০	উত্তর অপ্রাসঙ্গিক হলে।

নমুনা উত্তর :

আমানত সৃষ্টিতে সাহায্য করা গ্রাহকদের প্রেক্ষাপটে ব্যাংকের একটি অন্যতম উদ্দেশ্য।

গ্রাহকদের ক্ষুদ্র ক্ষুদ্র সঞ্চয় সংগ্রহ করতে ব্যাংক বিভিন্ন ধরনের আমানত সৃষ্টি করে। গ্রাহকদের প্রেক্ষাপটে বিবেচনায় ব্যাংক বিভিন্ন ধরনের আমানতের জন্য বিভিন্ন ধরনের সুযোগ-সুবিধা প্রদান করে। যেমন, মেয়াদী হিসাবে টাকা সময়ের পূর্বে তোলা যায়না কিন্তু সুদের পরিমাণ অনেক বেশী। অন্যদিকে সঞ্চয়ী হিসাবে সুদের পরিমাণ তুলনামূলকভাবে অনেক কম কিন্তু প্রয়োজনে টাকা তুলে ফেলা যায়। গ্রাহকদের সঞ্চয় আকৃষ্ট করার জন্য এভাবে ব্যাংক বিভিন্ন ধরনের আমানত সৃষ্টি করে।

২ (গ) নং প্রশ্নের নম্বর প্রদান নির্দেশিকা

প্রশ্ন নং	দক্ষতা	বরাদ্দকৃত নম্বর	বিভাজিত নম্বর	মূল্যায়নের মানদণ্ড (নম্বর প্রদানে বিবেচ্য বিষয়)
২(গ)	প্রয়োগ	৩	৩	ব্যাংকের কার্যাবলীর আলোকে উদ্দীপকের ব্যাংককে বানিজ্যিক ব্যাংক হিসাবে ব্যাখ্যাসহ প্রমাণ করতে পারলে
			২	বানিজ্যিক ব্যাংকিং কার্যক্রম ব্যাখ্যা করতে পারলে
			১	উদ্দীপকের ব্যাংককে বানিজ্যিক ব্যাংক হিসাবে চিহ্নিত করতে পারলে
			০	উত্তর অপ্রাসঙ্গিক হলে।

নমুনা উত্তর :

কার্যভিত্তিক শ্রেণিকরণ অনুযায়ী উদ্দীপকের সাউদার্ন একটি বানিজ্যিক ব্যাংক।

মুনাফা অর্জনের উদ্দেশ্যে জনগণের সঞ্চিত অর্থ আমানত হিসেবে গ্রহণ এবং সে আমানত হতে ঋণ প্রদান সহ বিভিন্ন ব্যাংকিং সেবায় নিয়োজিত ব্যাংককে বানিজ্যিক ব্যাংক বলে।

উদ্দীপকে সাউদার্ন ব্যাংক গ্রাহকের আমানত গ্রহণ, মূলধন ঘটন, ঋণ মঞ্জুর ও ব্যবসায়িক কার্য পরিচালনায় সহায়তা করে। এসব কাজের মাধ্যমে সাউদার্ন ব্যাংক দেশের অর্থনৈতিক উন্নয়নে অবদান রাখে। এসব কার্যক্রমের ভিত্তিতে বলা যায় সাউদার্ন ব্যাংক একটি বানিজ্যিক ব্যাংক।

২ (ঘ) নং প্রশ্নের নম্বর প্রদান নির্দেশিকা

